বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৮/সি আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২১০।
**Website: www.bteb.gov.bd**

# এসএসসি (ভোকেশনাল) এবং দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমে নবম শ্রেণিতে ভর্তি নির্দেশিকা-২০২৬

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-এর আওতাধীন এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমে ২০২৬ শিক্ষাবর্ষে নবম শ্রেণিতে সরকারি/বেসরকারি প্রতিষ্ঠাসমূহে শিক্ষার্থী ভর্তির জন্য এই নির্দেশিকা প্রযোজ্য হবে।

১. ভূমিকা:

দেশ-বিদেশের চাকরি বাজারের চাহিদার সাথে সামঞ্জস্য রেখে দক্ষ জনশক্তি উন্নয়ন এবং প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা নিরূপণের লক্ষ্যে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ধারাবাহিকভাবে একাধিক জরিপ পরিচালনা করে। উক্ত জরিপসমূহ এবং অনুরূপ অন্যান্য গবেষণা প্রতিবেদন বিশ্লেষণে প্রতীয়মান হয় যে, দেশের জনশক্তিকে দক্ষ ও কার্যকরী করে গড়ে তোলার প্রয়াসে মাধ্যমিক পর্যায়ে এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমকে জাতীয় শিক্ষা ব্যবস্থার একটি স্বতন্ত্র ও কার্যকর ধারা হিসেবে প্রবর্তন করা অত্যাবশ্যক।

এই তথ্য-উপাত্ত ও বিশ্লেষণের ভিত্তিতেই পরবর্তীতে মাধ্যমিক পর্যায়ে এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রম প্রবর্তনের সিদ্ধান্ত গৃহীত হয়, যা একাডেমিক শিক্ষার পাশাপাশি দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থানমুখী শিক্ষা ব্যবস্থার প্রসারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

২. ভর্তির নিয়মাবলী:

২.১ এসএসসি (ভোকেশনাল) এবং দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমে নবম শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীরা দেশের যেকোনো শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত জুনিয়র স্কুল সার্টিফিকেট/জুনিয়র দাখিল সার্টিফিকেট/প্রি-ভোকেশনাল/জেএস(ভোকেশনাল)/জেডি (ভোকেশনাল)/অষ্টম শ্রেণি উত্তীর্ণ শিক্ষার্থী ২০২৬ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে;

২.২ সরকারি প্রতিষ্ঠানের ১ম শিফটে ভর্তিচ্ছু প্রার্থীদের ২০২০ অথবা এর পরবর্তী সময়ে জেএস(ভোকেশনাল)/জেডি (ভোকেশনাল)/জেএসসি/জেডিসি/প্রি-ভোকেশনাল/অষ্টম শ্রেণি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। সরকারি প্রতিষ্ঠানের ২য় শিফ্ট এবং বেসরকারি প্রতিষ্ঠানের জন্য জেএস(ভোকেশনাল)/জেডি(ভোকেশনাল)/জেএসসি/জেডিসি/প্রি-ভোকেশনাল/অষ্টম শ্রেণি উত্তীর্ণদের পাশের সন শিথিল যোগ্য;

২.৩ শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ২০২৬ শিক্ষাবর্ষে নবম শ্রেণিতে ভর্তির জন্য প্রতিষ্ঠান প্রধানগণ বোর্ড কর্তৃক প্রণীত নির্দেশিকা অনুসরণপূর্বক ব্যবস্থা গ্রহণ করবেন;

২.৪ শিক্ষা প্রতিষ্ঠানে চালুকৃত ট্রেডসমূহে নবম শ্রেণিতে ট্রেডভিত্তিক শিক্ষার্থী ভর্তি করতে হবে;

২.৫ ট্রেড নির্বাচনের ক্ষেত্রে প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ শিক্ষার্থীদের পছন্দকে অগ্রাধিকার দিয়ে লটারির মাধ্যমে ট্রেডভিত্তিক শিক্ষার্থীদের ভর্তি এবং অবশিষ্ট আসনসমূহে লটারির মাধ্যমে ট্রেডভিত্তিক ভর্তি তালিকা তৈরি করতে হবে;

২.৬ ভর্তির জন্য নির্ধারিত তারিখের মধ্যে আসন সংখ্যা পূরণ না হলে অপেক্ষমান তালিকা হতে সময়সূচি অনুযায়ী শূন্য আসনে আগে আসলে আগে পাবে ভিত্তিতে শিক্ষার্থী ভর্তি করা যাবে ;

২.৭ প্রার্থীকে ভর্তির আবেদনপত্রের সাথে জেএস(ভোকেশনাল)/জেডি(ভোকেশনাল)/জুনিয়র স্কুল সার্টিফিকেট/জুনিয়র দাখিল সার্টিফিকেট/প্রি-ভোকেশনাল/অষ্টম শ্রেণি পাশের নম্বরপত্রের সত্যায়িত/অনলাইন নম্বরপত্রের কপি, শিক্ষার্থীর জন্ম সনদের ফটোকপি, ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি এবং ফরম ক্রয়ের প্রাপ্ত রশিদ সংযুক্ত করতে হবে;

২.৮ চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে যাবতীয় ফি প্রদানপূর্বক নির্দিষ্ট তারিখের মধ্যে প্রতিষ্ঠানে ভর্তি হতে হবে;

২.৯ প্রার্থীকে নির্ধারিত ফি প্রদানপূর্বক বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের নবম শ্রেণির রেজিস্ট্রেশন নির্ধারিত সময়সূচি মোতাবেক সম্পন্ন করতে হবে;

২.১০ এসএসসি(ভোকেশনাল) ও দাখিল(ভোকেশনাল) শিক্ষাক্রমে ভর্তিকৃত শিক্ষার্থীকে নির্ধারিত পাঠ্যসূচি বোর্ডের ওয়েবসাইট হতে সংগ্রহ করতে হবে;

২.১১ বর্ণিত নির্দেশিকার বাহিরের কোনো বিষয়ে সিদ্ধান্তের প্রয়োজন হলে সে ব্যাপারে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ বোর্ডের অনুমোদন সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করবে;

২.১২ শিক্ষার্থী বলতে সহশিক্ষা প্রতিষ্ঠানের জন্য ছাত্র ও ছাত্রী, বালকদের প্রতিষ্ঠানের জন্য ছাত্র এবং বালিকাদের প্রতিষ্ঠানের জন্য ছাত্রী বোঝাবে। তৃতীয় লিঙ্গের শিক্ষার্থীর ক্ষেত্রে শারীরিক বৈশিষ্ট্য(বালক/বালিকা) অনুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে ভর্তি হতে পারবে;

২.১৩ শিক্ষা মন্ত্রণালয়ের সরকারি/বেসরকারি ভর্তির নীতিমালা অনুসরণ করতে হবে।

**৩. শিক্ষাবর্ষ:** ০১ জানুয়ারি ২০২৬ থেকে ৩১ ডিসেম্বর ২০২৬ পর্যন্ত।

**৪. ভর্তি কমিটি:**

নবম শ্রেণির ভর্তি কার্যক্রম পরিচালনার জন্য প্রতিষ্ঠান প্রধানকে সভাপতি করে বিভাগীয় প্রধান/সিনিয়র শিক্ষকবৃন্দের সমন্বয়ে ০৭ (সাত) সদস্যের একটি ভর্তি কমিটি গঠন করতে হবে।

**৫. ভর্তির আবেদন ফরমের মূল্য ও ভর্তি ফি:**

৫.১ ভর্তির আবেদন ফরম জমা নেয়ার সময় ১৫০/- (একশত পঞ্চাশ মাত্র) টাকা গ্রহণ করা যাবে। ভর্তি ফরম ও নির্দেশিকা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইট থেকে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান ডাউনলোড/মুদ্রণ করে নেবে। **দরিদ্র মেধাবী ও বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থী ভর্তিতে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহ উল্লিখিত ফি যতদূর সম্ভব মওকুফের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;**

**৬.আসন সংখ্যা:**

৬.১ সরকারি টিএসসি (TSC)-তে ভর্তির শিফট ও বিভিন্ন শ্রেণির আসন সংখ্যা কারিগরি শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা অনুসরণ করতে হবে;

৬.২ শিক্ষা প্রতিষ্ঠানে অনুমোদিত প্রত্যেক ট্রেডে ন্যূনতম ১২ জন শিক্ষার্থী ভর্তি করতে হবে;

৬.৩ কোনো অবস্থাতেই এসএসসি(ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমে অধ্যয়নরত কোনো শিক্ষার্থী একই শিক্ষাক্রমে পুনরায় ভর্তি হতে পারবে না অথবা একই শিক্ষাবর্ষে একজন শিক্ষার্থী একাধিক শিক্ষা প্রতিষ্ঠানে একত্রে ভর্তি হতে পারবে না;

৬.৪ বিগত শিক্ষাবর্ষে এসএসসি(ভোকেশনাল)/দাখিল(ভোকেশনাল) শিক্ষাক্রমে ভর্তিকৃত শিক্ষার্থীরা পুনরায় ট্রেড পরিবর্তন বা অন্য কোনো কারণে নতুন করে ভর্তি হলে পূর্বের রেজিস্ট্রেশন কার্ড বোর্ডে জমা দিয়ে বিধি মোতাবেক ভর্তি বাতিল করে পুনরায় রেজিস্ট্রেশন করতে পারবে।

**৭.সংরক্ষিত কোটা:**

৭.১. শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এবং স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর সন্তানদের জন্য ২% আসনে মেধানুযায়ী (পছন্দক্রমে) শিক্ষার্থী ভর্তি করা যাবে। বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের শিক্ষার মূল ধারায় সম্পৃক্ত করার লক্ষ্যে ন্যূনতম যোগ্যতা থাকা সাপেক্ষে ভর্তির ক্ষেত্রে ২% কোটা সংরক্ষিত থাকবে। তবে এ ক্ষেত্রে প্রমাণস্বরূপ যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;

৭.২. মেয়েদের ২০% ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জন্য ২% কোটা সংরক্ষণ করতে হবে। সংরক্ষিত কোটায় যোগ্য আবেদনকারী না পাওয়া গেলে অপেক্ষমান তালিকা থেকে তা পূরণ করা যাবে;

৭.৩. প্রতিষ্ঠান সংলগ্ন ক্যাচমেন্ট এরিয়ার শিক্ষার্থীদের জন্য ৪০% কোটা সংরক্ষণ করতে হবে;

৭.৪. কোনো প্রতিষ্ঠানে আবেদনকারী শিক্ষার্থী সহোদর/সহোদরা বা যমজ ভাই/বোন যদি পূর্ব থেকে অধ্যয়নরত থাকে সে সকল সহোদর/সহোদরা বা যমজ ভাই/বোনের জন্য ৫% কোটা সংরক্ষণ করতে হবে।

**৮.ভর্তি সংক্রান্ত সময়সূচি:**

| কার্যক্রম | (প্রথম শিফট ও দ্বিতীয় শিফট) |
|---|---|
| আবেদনপত্র বিতরণ ও গ্রহণ | ১৬/১১/২০২৫ খ্রি. হতে ২৩/১২/২০২৫ খ্রি. পর্যন্ত<br>(সাপ্তাহিক ছুটি ও সরকারি ছুটি ব্যতিত) |
| লটারির মাধ্যমে ট্রেড অনুসারে নির্বাচিত শিক্ষার্থীর তালিকা প্রকাশ | ২৪/১২/২০২৫ খ্রি. |
| শিক্ষার্থী ভর্তি | ২৮/১২/২০২৫ খ্রি. হতে ৩১/১২/২০২৫ খ্রি. পর্যন্ত |
| বই বিতরণ ও ক্লাস আরম্ভ | ০১/০১/২০২৬ খ্রি. |

৯. এসএসসি (ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের ট্রেডসমূহ:

| ক্রমিক নং | ট্রেডের নাম | ট্রেড কোড | ক্রমিক নং | ট্রেডের নাম | ট্রেড কোড |
|---|---|---|---|---|---|
| ১. | বিল্ডিং মেইনটেন্যান্স | ৬৪ | ১৬. | মেশিন অপারেশন বেসিকস | ৮২ |
| ২. | উড ওয়ার্কিং | ৬৫ | ১৭. | অটোমোবাইল অ্যান্ড অটো-ইলেকট্রিক বেসিকস | ৮৩ |
| ৩. | সিভিল ড্রাফটিং উইথ ক্যাড | ৬৯ | ১৮. | মেকানিক্যাল ড্রাফটিং উইথ ক্যাড | ৭০ |
| ৪. | সিভিল কন্সট্রাকশন অ্যান্ড সেফটি | ৮৭ | ১৯. | জেনারেল মেকানিক্স | ৭৭ |
| ৫. | প্লাম্বিং অ্যান্ড পাইপ ফিটিং | ৯১ | ২০. | ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন | ৯৬ |
| ৬. | আর্কিটেকচারাল ড্রাফটিং উইথ ক্যাড | ৯৭ | ২১. | ডাইং প্রিন্টিং অ্যান্ড ফিনিশিং | ৭২ |
| ৭. | এগ্রোবেস্‌ড ফুড | ৬১ | ২২. | অ্যাপারেল ম্যানুফেকচারিং বেসিকস | ৮১ |
| ৮. | ফার্ম মেশিনারি | ৭৪ | ২৩. | উইভিং | ৯৫ |
| ৯. | ফিস কালচার অ্যান্ড ব্রিডিং | ৭৫ | ২৪. | নিটিং | ৯৮ |
| ১০. | ফুড প্রসেসিং অ্যান্ড প্রিজারভেশন | ৭৬ | ২৫. | জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস | ৯০ |
| ১১. | লাইভস্টক রিয়ারিং অ্যান্ড ফার্মিং | ৭৮ | ২৬. | ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্কস | ৭৩ |
| ১২. | পোল্ট্রি রিয়ারিং অ্যান্ড ফার্মিং | ৮০ | ২৭. | রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং | ৯২ |
| ১৩. | ফ্রুট অ্যান্ড ভেজিটেবল কাল্টিভেশন | ৯৪ | ২৮. | জেনারেল ইলেকট্রনিক্স | ৬২ |
| ১৪. | শ্রিম্প কালচার অ্যান্ড ব্রিডিং | ৯৯ | ২৯. | পেশেন্ট কেয়ার টেকনিক | ৮৯ |
| ১৫. | আইটি সাপোর্ট অ্যান্ড আইওটি বেসিকস | ৮৮ | | | |

স্বাক্ষরিত/-
(প্রকৌশলী মোঃ আনোয়ারুল কবীর)
পরিচালক (কারিকুলাম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন: ০২-৫৫০০৬৫২৩

স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০৩.৩২.০০১.১৪-৬৮০(১৩)

তারিখ: ০৯-১১-২০২৫ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল:

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, প্র/এ, ঢাকা-১২০৭।
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
৫. উপসচিব (কারিগরি-৩), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
৬. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (ভর্তি নির্দেশিকাটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৯. উপসচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. উপপরীক্ষা নিয়ন্ত্রক (ভোকেশনাল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/প্রধান শিক্ষক ......................, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ।
১২. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩. সংরক্ষণ নথি।

০৯/১১/২৫
(মোহাম্মদ গোলাম মহিউদ্দিন ভূঁইয়া)
বিশেষজ্ঞ (এসএসসি ভোকেশনাল)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন: ০২-৫৫০০৬৫৩৪

শিক্ষা প্রতিষ্ঠানের সীলমোহর

ক্রমিক নং .....................
তারিখ: ...........................

**প্রথম শিফ্‌ট/দ্বিতীয় শিফ্‌ট**

পাসপোর্ট আকারের এক কপি ছবি
(আঠাঁ দিয়ে লাগাতে হবে)

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

## এসএসসি (ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রম
## ২০২৬ শিক্ষাবর্ষ
## নবম শ্রেণিতে ভর্তির আবেদনপত্র

(স্কুল/মাদ্রাসার সনদ অনুসারে স্বহস্তে পূরণ করতে হবে)

১. প্রার্থীর পূর্ণনাম: (স্পষ্টাক্ষরে) বাংলায় ........................................................................................
ইংরেজিতে (বড় হাতের অক্ষরে) [ ]

২. পিতার নাম : বাংলায় ........................................................................................
ইংরেজিতে (বড় হাতের অক্ষরে) [ ]

৩. মাতার নাম : বাংলায় ........................................................................................
ইংরেজিতে (বড় হাতের অক্ষরে) [ ]

৪. পিতা/মাতার মোবাইল নম্বর: | ০ | ১ | | | | | | | | | |

৫. অভিভাবকের নাম: (পিতা-মাতার অবর্তমানে) ........................................................ মোবাইল নম্বর: | ০ | ১ | | | | | | | | | |

৬. বর্তমান ঠিকানা: ........................................................................................
........................................................................................

৭. স্থায়ী ঠিকানা : ........................................................................................
........................................................................................

৮. জাতীয়তা: .............................................. জন্ম তারিখ: (সনদপত্র অনুসারে)

| দিন | | মাস | | বছর | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

৯. ধর্ম: .................................................................

১০. যে স্কুল/মাদ্রাসা হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট/জুনিয়র দাখিল সার্টিফিকেট/অষ্টম শ্রেণি পাশ করেছে তার নাম ও ঠিকানা: ........................................
........................................................................................

১১. টাকা প্রদানের রশিদ নং:.......................................................... তারিখ:..........................................

১২. সংযোজনী: ক. জুনিয়র স্কুল সার্টিফিকেট/জুনিয়র দাখিল সার্টিফিকেট/অষ্টম শ্রেণি পরীক্ষায় পাশের নম্বরপত্রের সত্যায়িত/অনলাইন নম্বরপত্রের কপি।
খ. পাসপোর্ট আকারের ০২ (দুই) কপি সত্যায়িত ছবি।
গ. ফরম ক্রয় বাবদ টাকা প্রদানের প্রাপ্ত মূল্য রশিদ।

________________________
আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

শিক্ষা প্রতিষ্ঠানের সীলমোহর

## বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

এসএসসি (ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রম
২০২৬ শিক্ষাবর্ষ
**নবম শ্রেণি**

প্রথম শিফ্‌ট/দ্বিতীয় শিফ্‌ট

পাসপোর্ট আকারের এক কপি ছবি (আঠাঁ দিয়ে লাগাতে হবে)

# শিক্ষার্থী কপি

**প্রার্থীর নাম:** ..........................................................................................

**পিতার নাম:** ..........................................................................................

**মাতার নাম:** ..........................................................................................

**আবেদন পত্রের ক্রমিক নং:** .................................................. **তারিখ:** ..................................

**আবেদনকারীর অঙ্গীকারনামা :**

এ মর্মে অঙ্গীকার করছি যে, ভর্তি হবার সুযোগ পেলে আমি অত্র শিক্ষা প্রতিষ্ঠান ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের যাবতীয় আইনকানুন মেনে চলব এবং কোন অবস্থাতেই অত্র শিক্ষা প্রতিষ্ঠান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এবং দেশের আইনের পরিপন্থি কোন কাজে লিপ্ত হব না।

-------------------------------------------------------------

**পিতা/মাতা/অভিভাবকের স্বাক্ষর ও তারিখ**

---------------------------------------------

**আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ**

## (অফিস কর্তৃক পূরণীয়)

**অনুমতি প্রাপ্ত ট্রেডের নাম:** .......................................................................................... ভর্তির অনুমতি দেয়া হলো।

**উপাধ্যক্ষ/একাডেমিক ইন চার্জ/সহকারি প্রধান শিক্ষক**

**অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপারিনটেনডেন্ট**